



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা



২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576

স্মারক নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১৯১১৩৫৭৩১/শরীয়তপুর-৫৫/৭৫১/৪

তারিখ: ০৪, কার্তিক, ১৪২৭  
২০, অক্টোবর, ২০২০

বিষয়: রিট পিটিশন নং- ১৪১৩৮/২০১৯ এ প্রদত্ত আদেশ মোতাবেক আবেদনকারীগণের ২৪.১০.২০১৯ খ্রিঃ তারিখের দরখাস্ত নিষ্পত্তি প্রসঙ্গে

- সূত্র:
- ১। নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১৯১১৩৫৭৩১/শরীয়তপুর-৫৫/৭৪১/৪; তারিখঃ ২৬/০৮/২০২০ খ্রি.
  - ২। নং-বামাশিবো/রিক/গোসাইরহাট-শরীয়তপুর-৫৩/১৮৬; তারিখঃ ২৯/১০/২০১৩ খ্রি.
  - ৩। শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং- ৫৭.০০.০০০.০৪০.০৬.০৯৩.১৮-৭৬৫; তারিখ: ১৯ জুলাই ২০১৮ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, শরীয়তপুর জেলার গোসাইরহাট উপজেলাধীন কাশিখন্ড ইসলামিয়া দাখিল মাদ্রাসার সুপারের বিরুদ্ধে সহকারী সুপার জনাব মোঃ নোমানসহ কতিপয় শিক্ষক অত্র বোর্ডে অভিযোগ দাখিলসহ মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ১৪১৩৮/২০১৯ দায়ের করেন। যার প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট গত ০৯/১২/২০১৯ খ্রিঃ তারিখে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডকে দরখাস্তটি নিষ্পত্তির নির্দেশ প্রদান করেন।

উক্ত দরখাস্ত যথাযথ নিষ্পত্তির লক্ষ্যে ০৮.০৯.২০২০ খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার সকাল ০৯.৩০ ঘটিকায় বোর্ডে উপস্থিত হয়ে শুনানীতে অংশগ্রহণপূর্বক স্ব-স্ব দাবীর পক্ষে সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত বক্তব্য দাখিল ও মৌখিক বক্তব্য প্রদান করার জন্য দরখাস্তকারী জনাব মোঃ নোমান গং, মাদ্রাসা সুপার ও পরিচালনা কমিটির সভাপতিতে সূত্রোক্ত ১নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে সভাপতি জনাব চৌধুরী আহসান সিদ্দিকী, সুপার জনাব মোঃ আমিনুল ইসলাম, এবং দরখাস্তকারী (১) জনাব মোঃ নোমান, সহ-সুপার (২) জনাব মোঃ শাহ আলম সরদার, জুনিয়র শিক্ষক (৩) জনাব মোঃ আবু হানিফ, সহকারী মৌলভী ও (৪) জনাব আবুল হোসাইন এবং ইবতেদায়ী প্রধান বিগত ০৮.০৯.২০২০ খ্রিঃ তারিখ বোর্ডে উপস্থিত হয়ে শুনানীতে অংশগ্রহণপূর্বক স্ব-স্ব দাবীর পক্ষে সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত বক্তব্য দাখিল ও মৌখিক বক্তব্য প্রদান করেন।

শুনানীকালে মাদ্রাসার সভাপতি ও সুপার লিখিত ও মৌখিক বক্তব্য বলেন যে, মাদ্রাসা শিক্ষা বোর্ডে একাডেমিক স্বীকৃতির মেয়াদ বৃদ্ধির জন্য আবেদন করা হলে নিবন্ধিত শিক্ষক নিয়োগ না থাকায় স্বীকৃতি নবায়ন করা হবে না মর্মে উল্লেখসহ একাডেমিক স্বীকৃতি কেন বাতিল করা হবে না মর্মে সূত্রোক্ত ২নং স্মারকে কারণ দর্শানো হয়। বোর্ডের পত্রের আলোকে দরখাস্তকারী শিক্ষকগণকে এমপিও তালিকা হতে বাদ দেয়া হয়েছে, তবে বিদ্যমান বিধি অনুযায়ী যদি দরখাস্তকারীগণ প্রাপ্য হন তাহলে মাদ্রাসা কর্তৃপক্ষের কোন আপত্তি নেই মর্মে সভাপতি ও সুপার তাদের বক্তব্যে উল্লেখ করেন। অন্যদিকে দরখাস্তকারী জনাব মোঃ নোমান গং কর্তৃক দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়, দরখাস্তকারীগণ বিধিসম্মতভাবে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর গত ২৪.০৭.২০০৪ ও ২৫.০৭.২০০৪ খ্রিঃ তারিখে নিয়োগ প্রাপ্ত হন এবং উল্লেখিত তারিখেই তারা যোগদান করে স্ব-স্ব দায়িত্ব পালন করে আসছিলেন। পরবর্তীতে ২০১৩ সালে বোর্ড হতে প্রেরিত পত্রের প্রেক্ষিতে মাদ্রাসা কর্তৃপক্ষ তাদেরকে এমপিও তালিকা হতে বাদ দিয়ে দেন।

উভয়পক্ষের দাখিলকৃত কাগজপত্র ও লিখিত বক্তব্য এবং বেসরকারি শিক্ষক এমপিওভুক্তির নীতিমালাসহ সার্বিক দিক পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, দরখাস্তকারী শিক্ষকগণ নিয়োগ প্রাপ্ত হন- ২০০৪ সালে, শিক্ষক নিবন্ধন নীতিমালা জারি করা হয়- ২০০৫ সালে। সর্বশেষ শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক সূত্রোক্ত ৩নং স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন মোতাবেক নিবন্ধন পরীক্ষা ও নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক শিক্ষক নির্বাচন চালু হওয়ার পূর্বে পাঠদানের অনুমতিপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের বিধিমোতাবেক নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণের নিবন্ধন পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজন হবে না মর্মে উল্লেখ রয়েছে।

বর্ণিত অবস্থায় যেহেতু দরখাস্তকারী শিক্ষকগণ নিবন্ধন প্রথা চালু হওয়ার পূর্বেই নিয়োগপ্রাপ্ত সেহেতু তাদেরকে বিধি মোতাবেক এমপিওভুক্তির জন্য ব্যবস্থা গ্রহণ এবং স্ব-স্ব পদে দায়িত্ব পালনের সুযোগ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে পত্র প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে বোর্ডকে অবহিত করার জন্য সভাপতি ও সুপারকে নির্দেশ প্রদানসহ মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ এতদ্বারা বাস্তবায়ন করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

২০.১০.২০২০

(মোঃ সিদ্দিকুর রহমান)

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

- পাপক:
১. সভাপতি, কাশিখন্ড ইসলামিয়া দাখিল মাদ্রাসা, গোসাইরহাট, শরীয়তপুর;
  ২. সুপার/ভারপ্রাপ্ত সুপার, কাশিখন্ড ইসলামিয়া দাখিল মাদ্রাসা, গোসাইরহাট, শরীয়তপুর;
  ৩. জনাব মোঃ নোমান গং, সহকারী সুপার, কাশিখন্ড ইসলামিয়া দাখিল মাদ্রাসা, গোসাইরহাট, শরীয়তপুর;

স্মারক নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১৯১১৩৫৭৩১/শরীয়তপুর-৫৫/৭৫১/৪

তারিখ: ০৪, কার্তিক, ১৪২৭  
২০, অক্টোবর ২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, শরীয়তপুর;
২. উপজেলা নির্বাহী অফিসার, গোসাইরহাট, শরীয়তপুর;
৩. জেলা শিক্ষা অফিসার, শরীয়তপুর;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গোসাইরহাট, শরীয়তপুর;
৫. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি।

২০/১০/২০২০

(মোঃ ওমর ফারুক)

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফো: ৯৬৭৪৮৭৪